# বাংলাদেশ কৃষি ব্যাংক

স্থানীয় মুখ্য কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ০২-২২৩৩৮৮৮১২; ০২-৯৫১৫৫৮৬

ই-মেইল ঃ dgmlpo@krishibank.org.bd; bachmanagerbkb@gmail.com


নং-বিকেবি/এলপিও/এসবি-১(৬১)/২০২১-২০২২/৩৫৩৮ তারিখ ঃ ২০-০৩-২০২২ইং

সকল উপ মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখা সমূহ
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **আগামী ০১/০৪/২০২২খ্রিঃ তারিখ থেকে সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ শাখাসমূহ হতে ১১১০ অনলাইনের মাধ্যমে সরাসরি এলপিও-এর হিসাব উপখাত ৪১/১০(S)(৯০১২১১)-এ পোস্টিং প্রসঙ্গে।**


প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্তমানে সঞ্চয়পত্র বিক্রয় কার্যক্রম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে পরিচালিত হলেও বিকেবি বিভিন্ন শাখা ও বুর‍্যোর সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ বিকেবি এলপিও এর সাথে ১১১৪ ক্রেডিট এ্যাডভাইস সাড়া প্রদানের মাধ্যমে নিষ্পন্ন করা হচ্ছে।

০৩। বিকেবির সকল শাখা অনলাইন কার্যক্রমের আওতাধীন হওয়ায় আগামী ০১/০৪/২০২২খ্রিঃ তারিখ হতে বিকেবি শাখা কর্তৃক সঞ্চয়পত্র বিক্রয়ের (সঞ্চয় অধিদপ্তরের রিপোর্ট অনুযায়ী) মোট অর্থ দিনশেষে ১১১০ অনলাইনে বিকেবি, এলপিও-এর হিসাব উপখাত ৪১/১০(S)(৯০১২১১)-এ একটি লেনদেনের মাধ্যমে ক্রেডিট করার নির্দেশনা দেওয়া হলো।

০৪। Flora Bank (CBS)-এ সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ ৪১/১০(S) (৯০১২১১) উপখাতে ১১১০ অনলাইন ট্রান্সফার পোস্টিং দেওয়ার বিষয়টি শাখায় বুঝার সুবিধার্থে চিত্রাকারে নিম্নে তুলে ধরা হলো।



(ক) **বুরোর কার্যক্রম ব্যতীত সকল শাখার ক্ষেত্রে CBS-এ Posting দেওয়ার ধাপসমূহঃ**

১) Posting User এর মাধ্যমে Flora Bank(CBS)-এ Transaction থেকে Online GL Transaction Option নির্বাচন করতে হবে।

২) Online GL Transaction-এ Online Branch Code 4001(Local Principal Office) নির্বাচন করতে হবে।

৩) Online Account Number 901211 লিখতে হবে।

৪) Credit(Cr) সিলেক্ট করতে হবে।

৫) Amount in Local Currency ঘরে দিনশেষে সঞ্চয়পত্র বিক্রয়ের মোট পরিমান লিখতে হবে।

৬) Own Account Number এর ঘরে 901211(41/10 S) (অর্থ্যাৎ সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ যে খাতে রাখা আছে) লিখতে হবে।

৭) Remarks এর ঘরে সঞ্চয়পত্র বিক্রয়ের তারিখ লিখতে হবে।

৮) সবকিছু নিশ্চিত হয়ে উপরে Save Button-এ ক্লিক করার মাধ্যমে শাখার Entry দেওয়ার কাজ সম্পন্ন হবে।

পরবর্তীতে Authorization User এর মাধ্যমে Flora Bank(CBS)-এর Transaction Authorization থেকে Online GL Transaction Auth সিলেক্ট করে Transaction টি Authorize করতে হবে। Authorize এর পর Online Batch নম্বর ভাউচারটি প্রিন্ট করে Report এর সাথে সংরক্ষণ করতে হবে।

(খ) **বুরোর কার্যক্রম পরিচালনাকারী শাখার ক্ষেত্রেঃ**

১) যে সকল শাখা বুরোর কার্যক্রম পরিচালনা করে ঐ সকল শাখার দিনশেষে সঞ্চয়পত্রের রিপোর্ট অনুযায়ী বুরোর হিসাব হতে Settlement Amount Debit করে নিজ শাখার ৪১/১০(S) (৯০১২১১) খাতে সমপরিমান টাকা ক্রেডিট করবে। অতঃপর ৪(ক) নির্দেশনা মোতাবেক অবশিষ্ঠ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৫। এতদ্‌বিষয়ে যে কোন প্রয়োজনে অত্র কার্যালয়ের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মুসলিমা জাহান এর সাথে (মোবাইল নম্বরঃ- ০১৭১৮-৫৩৫১৩০) যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হলো।

০৬। উল্লেখ্য ৩১/০৩/২০২২ তারিখের পর বিভিন্ন শাখার সঞ্চয়পত্র বিক্রয়ের অর্থ ১১১৪ ক্রেডিট এ্যাডভাইস এলপিও কর্তৃক সাড়া প্রদানের মাধ্যমে নিষ্পন্ন করা হবে না।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

20/03/2022

(মোহাম্মদ মাইনুল ইসলাম খান)
উপ মহাব্যবস্থাপক

---

নং-বিকেবি/এলপিও/এসবি-১(৬১)/২০২১-২০২২/ তারিখ ঃ ২০-০৩-২০২২ইং

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২) স্টাফ অফিসার, উপ ব্যবস্থাপনা পরিচালক- ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৪) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
৫) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬) অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৭) সকল উপ মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৮) উপ মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের Website-এ আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৯) সকল উপ মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০) সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২) নথি/মহানথি।

20/06/2022

(সালমা খন্দকার)
সহকারী মহাব্যবস্থাপক